

এইচএসসি ফল প্রকাশে ত্রুটি চট্টগ্রাম বোর্ডকে চ্যালেঞ্জ : ২১ পরীক্ষার্থীর খেড়িং পরিবর্তন

প্রতিনিধি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত গত এইচএসসি পরীক্ষার ফলাফলে ত্রুটি পাওয়া গেছে। সম্প্রতি ৪৩৬ জন পরীক্ষার্থী তাদের ফলাফল আশানুরূপ না হওয়ায় বোর্ডকে চ্যালেঞ্জ করে। এর পরিপ্রেক্ষিতে তাদের স্বাভাবিক পুনঃনিরীক্ষণ শেষে বোর্ড ২১ পরীক্ষার্থীর ফলাফলে ত্রুটি পায় এবং এদের প্রাপ্য খেড়িং প্রদান করে। এ নিয়ে শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক অসন্তোষ বিরাজ করছে।

জানা যায়, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত গত এইচএসসি পরীক্ষায় সব বিভাগে সর্বমোট ৩২ হাজার ৮০৭ জন পরীক্ষার্থী অংশ নেয়। তার মধ্যে পাস করে ১৮ হাজার ৬১ জন। ফল প্রকাশের পর কতিপয় ফলাফল অর্জন না হওয়ায় ৪৩৬ জন পরীক্ষার্থী তাদের ফলাফল পুনঃনিরীক্ষণের দাবি জানিয়ে বোর্ড কর্তৃপক্ষ বরাবর আবেদন করে। এরই পরিপ্রেক্ষিতে বোর্ড কর্তৃপক্ষ তাদের ফলাফল পুনঃনিরীক্ষণ করে এবং ২১ জন পরীক্ষার্থীর ফলাফলে ত্রুটি পায়। তার মধ্যে ৬ জনের খেড়িং পরিবর্তিত হয়। পরিবর্তিত ফলাফলে চট্টগ্রাম কলেজের শিক্ষার্থী রোল নম্বর-১০২০০৩ জিপিএ-৪ দশমিক ৯০ থেকে জিপিএ ৫-এ উন্নীত হয়। একই কলেজের রোল নম্বর ১০২১৬১ জিপিএ-৫ শ্রেণি: কিন্তু একটি বিষয়ে এ হেড থেকে এ+ হেড পেয়েছে।

পাবলিক কলেজের রোল নম্বর ১০১৬৭৮ জিপিএ-৪ দশমিক ২০ থেকে ৪ দশমিক ৪০-এ উন্নীত হয়, বাগড়াছড়ি সরকারি কলেজের রোল নম্বর ১০৭৯৫৬ জিপিএ-২ দশমিক ৯০ থেকে জিপিএ-৩ দশমিক ১০-এ উন্নীত হয়, বাংলাদেশ মহিলা সমিতি কলেজের রোল নম্বর ৫০৬৩০০ জিপিএ-৪ দশমিক ১০ থেকে ৪ দশমিক ৪০-এ উন্নীত এবং সরকারি সিটি কলেজের রোল নম্বর ৫০৬৮০৯ জিপিএ-৩ দশমিক ৯০ থেকে ৪ দশমিক ১০-এ উন্নীত হয়।

এদিকে কয়েক হাজার শিক্ষার্থী তাদের কতিপয় ফলাফল অর্জন করতে পারেনি বলে অভিযোগ করেছে। তারা জানায়, নিয়ম না জানার কারণে আমরা আবেদন করতে পারিনি। আবার অনেক শিক্ষার্থী জানিয়েছে, অর্ধের অভাবে আমরা আবেদন করতে পারিনি।

এ ব্যাপারে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সচিব প্রফেসর শাহাদৎ হোসেনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি এটা তুলে ধরেন। তিনি বলেন, অনেক সময় ওএমআর থেকে নম্বর ফর্দে ভোলায় সময় ভুল হয়ে যায়। এছাড়াও কম্পিউটারে ভুল হয়ে যায়। বোর্ড কর্তৃপক্ষের এ ধরনের ভুলের কারণে অনেক শিক্ষার্থীর শিক্ষাজীবন নষ্ট হয়ে যাওয়ার ব্যাপারে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, আমরা তো আবেদন করার জন্য ২০ দিন সময় দিই।